

মুজিব বর্ষে বিআরডিবি'র অঙ্গীকার
স্বনির্ভর সমৃদ্ধ পল্লী গড়ার

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
পল্লী ভবন
৫ কাওরানবাজার, ঢাকা-১২১৫
www.brd.gov.bd



স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০০৪.২১-০৪


তারিখঃ ০৫/০৯/২০২১ খ্রিঃ

বিষয়ঃ দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (ইরেসপো)-২য় পর্যায়ের প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত নির্দেশনা প্রদান।

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নের জন্য “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (ইরেসপো) -২য় পর্যায়” প্রকল্পটি বিগত ০১/০৬/২০২১ খ্রিঃ তারিখে একনেক সভায় অনুমোদিত হয়। প্রকল্পটি ১৭টি জেলার ৫৯টি উপজেলায় বাস্তবায়িত হবে। প্রকল্পটির মূল উদ্দেশ্য হচ্ছে পল্লী অঞ্চলের দরিদ্র, অসহায়, সুবিধা-বঞ্চিত ও বেকার মহিলাদের দারিদ্রতা হ্রাস এবং কিশোরীদের সঞ্চয়ে উৎসাহিতকরণসহ গ্রামীণ মহিলাদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নের মাধ্যমে জীবন মানের উন্নয়ন। বর্ণিত উদ্দেশ্য অর্জনের লক্ষ্যে প্রকল্পের আওতায় মহিলা ও হাই-স্কুলগামী কিশোরীদের সংগঠিতকরণ, সঞ্চয় তহবিল সৃষ্টি, সঞ্চয় প্রণোদনা প্রদান, বিভিন্ন আইজিএ ভিত্তিক প্রশিক্ষণ প্রদান, ক্ষুদ্র ও উদ্যোক্তা ঋণ বিতরণসহ অন্যান্য কার্যক্রম বাস্তবায়ন করা হবে। অনুমোদিত ডিপিপি অনুযায়ী কার্যক্রমসমূহ বাস্তবায়নের জন্য প্রকল্পভুক্ত উপজেলার উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা ও জেলার উপপরিচালক পদাধিকারবলে ইরেসপো-২য় পর্যায় প্রকল্পের দায়িত্ব পালন করবেন এবং ইরেসপো'র জনবল শুধুমাত্র ইরেসপো-২য় পর্যায়ের প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নের জন্য পূর্ণকালীন দায়িত্ব পালন করবেন। উক্ত দায়িত্ব পালনের জন্য সংশ্লিষ্ট সকল কর্মকর্তা-কর্মচারী নির্ধারিত হারে সম্মানীভাতা প্রাপ্য হবেন।

২। উল্লেখ্য, প্রকল্পের সফল বাস্তবায়ন জেলার উপপরিচালক এবং উপজেলার ইউআরডিও-দের যথাযথ দায়িত্ব পালন ও তদারকির উপর নির্ভরশীল। যেহেতু, দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (ইরেসপো)- ২য় পর্যায় প্রকল্পটি আইটি নির্ভর একটি মডেল প্রকল্প, তাই সংশ্লিষ্ট উপপরিচালক ও ইউআরডিও-দের প্রকল্পটির লক্ষ্যমাত্রা অর্জনে অগ্রাধিকার ভিত্তিতে বিশেষ গুরুত্ব প্রদান করতে হবে। এ ক্ষেত্রে নির্ধারিত সময়ে নির্দিষ্ট লক্ষ্যমাত্রা অর্জনে ইরেসপো'র জনবল-কে সার্বক্ষণিকভাবে ব্যবহারসহ নিয়মিত তদারকি করতে হবে এবং কোনভাবেই অন্য কোন প্রকল্প/কর্মসূচি'র দায়িত্বে নিয়োজিত করা যাবে না। দায়িত্ব অবহেলাজনিত কারণে মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত প্রকল্পের লক্ষ্যমাত্রা অর্জন ব্যহত হলে সংশ্লিষ্টদের জবাবদিহিতার আওতায় আনা হবে।

৩। প্রকল্পের সফল বাস্তবায়নের স্বার্থে এ নির্দেশনা প্রদান করা হলো।


সুপ্রিয় কুমার কুন্ডু
মহাপরিচালক (গ্রেড-১)

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :

১. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ -----(প্রকল্পভুক্ত সকল জেলা)।
২. উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (বিআরডিবি'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলাঃ-----, জেলাঃ----(প্রকল্পভুক্ত সকল উপজেলা)।
৫. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ-----, জেলাঃ----(প্রকল্পভুক্ত সকল উপজেলা)।
৬. হিসাব সহকারী/কৃষি প্রশিক্ষণ সমন্বয়ক/মাঠ সংগঠক/অফিস সহায়ক, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ-----, জেলাঃ----(প্রকল্পভুক্ত সকল উপজেলা)।

সদয় অবগতির জন্যঃ

১. পরিচালক (সরেজমিন) এর একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
২. অফিস নথি।